কোটচাঁদপুরে প্রান্তিক কৃষকদের মাঝে সার-বীজ ও হারভেষ্টার মেশিন বিতরণ

ঝিনাইদহের কোটচাঁদপুরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে ২০২১-২০২২ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে প্রনোদনা কর্মসূচির আওতায় কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে রাসায়নিক সার-বীজ ও হারভেষ্টার মেশিন বিতরণের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার বিকালে উপজেলা পরিষদ প্রাঙ্গনে উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসের বাস্তবায়নে প্রনোদনার এই সার-বীজ ও হারভেষ্টার মেশিন বিতরণ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার দেলোয়ার হোসেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার কৃষিবিধ মোঃ মহাসীন আলী। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার হুমায়ন কবির।

কোটচাঁদপুরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ পালিত

“মুজিব বর্ষে শপথ করি দুর্যোগে জীবন-সম্পদ রক্ষা করি” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ পালিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে কোটচাঁদপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন ভবনে এই ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ

উদ্বোধন করা হয়। কোটচাঁদপুর ফায়ার সার্ভিস স্টেশন অফিসার (ভারপ্রাপ্ত) প্রদীপকুমার মন্ডলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেন। অনুষ্ঠানে অগ্নি নির্বাপণের বিভিন্ন দিক নির্দেশনা দেন ফায়ার সার্ভিস স্টেশন অফিসার প্রদীপ কুমার।

পরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন প্রাঙ্গণে অগ্নি নির্বাপণের মহড়া পরিদর্শন করেন অতিথি বৃন্দ। এসময় বিশিষ্ট শিল্পপতি তবিবুর রহমান, সাংবাদিক এসএম রায়হান উদ্দীন, সাংবাদিক মঈন উদ্দীন খাঁন সহ ফায়ার স্টেশনের সদস্যরা উপস্থিত ছিলেন।

হরিণাকুন্ডুতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ-২০২১ এর উদ্বোধন

মুজিব বর্ষে শপথ করি, দুর্যোগে জীবন-সম্পদ রক্ষা করি এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের হরিণাকুন্ডুতে উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের আয়োজনে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ-২০২১ উদ্বোধন করা হয়।

(৪ নভেম্বর) বৃহস্পতিবারসকালে উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে সম্মেলন কক্ষে স্টেশন অফিসার(ভারপ্রাপ্ত) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্মকর্তা জামাল উদ্দিনের সভাপতিত্বে,এ সভা অনুষ্ঠিত হয়।

এসময় প্রধান অতিথির বক্তব্য দেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা।

এসময় উপস্থিত ছিলেন, হরিণাকুন্ডু পৌরসভা প্যানেল মেয়র সিদ্দিকুর রহমান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের সদস্যবৃন্দ প্রমুখ ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের

কর্মীরা অগ্নিকাণ্ড, সড়ক দূর্ঘটনাসহ দুর্যোগে মানুষের সেবা করে যাচ্ছেন। অধিকাংশ ক্ষেত্রেই জীবনের ঝুঁকি নিয়ে কাজ করেন তারা। সাহসী এই কর্মীদের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান বক্তারা।

ঘর ভাড়া নিয়ে বিরোধের জেরে কোটচাঁদপুরে সংবাদ সম্মেলন

ঘর ভাড়া দিয়ে বিপাকে পড়ে সাংবাদিক সম্মেলন করেছেন মাসুদ আহমেদ শ্যামল নামে এক ঘর মালিক। বৃহস্পতিবার দুপুরে কোটচাঁদপুর মুক্তিযোদ্ধা ভবনে তিনি এ সংবাদ সম্মেলন করেন। ভুক্তভোগী কোটচাঁদপুর সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক মরহুম মঈন উদ্দীন আহমেদের ছেলে।

লিখিত বক্তব্যে মাসুদ আহমেদ শ্যামল বলেন, ২০০৯ থেকে ২০১২ ও ৩০ জুন ২০১৫ পর্যন্ত দু’ মেয়াদে যশোরের হালিম সড়কের তাছনীন প্লাজার নিজ মালিকানাধীন ৪’শ বর্গফুটের একটি ঘর খালিদ হাসান জিউস নামে এক প্রভাবশালী ব্যক্তির নিকট ভাড়া দেন। দ্বিতীয় দফায় ভাড়ার মেয়াদ শেষ হওয়ার পর খালিদ হাসান ঘর না ছেড়ে ভাড়া দেওয়া বন্ধ করে দেন। যশোরের প্রভাবশালী এক ভাড়াটিয়া তাকে ঘর ভাড়া না দিয়ে জোর-দখল করছেন।

এমনকি হামলা ও মামলা করে তাকে হেনস্তা করছেন। এ অবস্থায় ১মার্চ ও ২২ মার্চ দুটি লিগ্যাল নোটিশের মাধ্যমে ৬ বছরের বকেয়া ভাড়া পরিশোধ সহ ঘর ছাড়তে বলেন। লিগ্যাল নোটিশে সাড়া না দিয়ে ভাড়াটিয়া শহীদ আনোয়ার পাভেল নামে এক ব্যাক্তিকে সাবলেট দেন।

এ অবস্থায় আমি গত ২৬ মে নিরুপায় হয়ে যশোর কোতয়ালী থানায় একটি জিডি করি। লিখিত বক্তব্যে ভুক্তভোগী আরো বলেন, সর্বশেষ গত ২ সেস্টেম্বর তিনি ভাড়াটিয়ার কাছে বকেয়া ভাড়ার তাকাদা দেন। সেই সাথে ঘর ছাড়তে অনুরোধ করেন। এতে ক্ষিপ্ত হয়ে ভাড়াটিয়া ও তার সাবলেট সহ সহযোগীরা আমাকে চড়-থাপ্পড় মারেন। পরবর্তিতে আমি আমার ভবনে কর্মচারির মাধ্যমে ওই ঘরে তালা মেরে দিয়।

এঘটনায় ভাড়াটিয়ার নের্তৃতে সাবলেট সহ ১০/১২ সহযোগী ওই দিন সন্ধায় ভবনে প্রবেশ করে দেশীয় অন্ত্র দিয়ে এলোপাতাড়ি আক্রমন চালিয়ে আমাকে রক্তাত্ত জখম করে। আমার চিৎকারে প্রতিবেশিরা এগিয়ে এলে খালেদ হাসান জিউস ভাড়া পরিশোধ করবেন না, এমনকি ঘর ছাড়বেন না বলেও হুমকি দিয়ে ঘটনাস্থল ত্যাগ করেন।

পরে প্রতিবেশিরা আমাকে উদ্ধার করে যশোর জেনারেল হাসপাতালে ভর্তি করেন। চিকিৎসা নেওয়ার পর কোতয়ালী থানায় মামলা করতে গেলে পুলিশ মামলা নেয়নি। আমি আইনি সহায়তা না পাওয়ায় ভাড়াটিয়া জিউস তালা ভেঙ্গে ঘর দখলে নেন। এরপর তিনি আমার বিরুদ্ধে যশোর আদালতে প্যানাল কোর্ট ধারায় মামলা করেন। আমি উচ্চ আদালত থেকে অগ্রীম জামিন নিয়। বিজ্ঞ বিচারক আমাকে নির্দিষ্ট সময়ের মধ্যে নিম্ন আদালতে আত্মসর্মণের নির্দেশ দেন।

ভাড়াটিয়া জিউস আদালত পাড়ায় তার লোকজনের কড়া নরজদারির কারণে আমি আদালতে হাজির হতে পারছি না। এমনকি তার পৌষ্য লোকজনের ভয়ে স্বাভাবিক জীবন-যাপন ব্যহত হচ্ছে। আমি আশংকা করছি তার লোকজন যে কোন সময়ে আমার প্রাণনাশ সহ বড় ধরনের ক্ষতি সাধন করতে পারে। আমি সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রশাসনের সহায়তা কামনা করছি।

হরিণাকুণ্ডুতে আওয়ামী লীগের উদ্দ্যোগে জেল হত্যা দিবস পালিত

গতকাল বুধবার সকাল ১১টায় বাংলাদেশ আওয়ামী লীগ, হরিণাকুণ্ডু উপজেলা শাখার উদ্যোগে দলীয় কার্যালয়ে ৩ রা নভেম্বর “জেল হত্যা দিবস” এ জাতীয় চার নেতা স্মরণে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়।

উপজেলা আওয়ামীলীগের সহ সভাপতি জনাব আজগর আলী মাষ্টারের সভাপতিত্বে এবং উপজেলা আওয়ামীলীগের বিপ্লবী সাধারন সম্পাদক জনাব রবিউল ইসলামের পরিচালনায় অনুষ্ঠিত স্মরণ সভায় বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি জনাব সাজেদুল ইসলাম টানু

মল্লিক, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম,উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আওয়ামী লীগ নেতা জনাব আমিরুজ্জামান পলাশ,উপজেলা যুবলীগের আহবায়ক জনাব আশরাফুল হক জুয়েল, উপজেলা কৃষকলীগের আহবায়ক জনাব আব্দুল্লাহ হিল বাকী শিলু, মাননীয় জাতীয় সংসদ সদস্যের বিশেষ সহকারী জেলা যুবলীগ নেতা জনাব কামাল হোসেন,উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জনাব রফিকুল ইসলাম,উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জনাব রাজু আহমেদ এবং হরিণাকুণ্ডু উপজেলা ছাত্রলীগের আহবায়ক জনাব রিগ্যান আলী প্রমুখ। স্মরণ সভা শেষে কারাগারের অভ্যন্তরে নিহত জাতীয় চার নেতার রুহের মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

এর পূর্বে আজ সুর্যোদয়ের পর পরই দলীয় কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন, দলীয় পতাকা অর্ধনমিত, এবং কালো পতাকা উত্তোলন করা হয়।

ঝিনাইদহ জেল হত্যা দিবস পালন

গতকাল বুধবার, ৩ নভেম্বর। ৪৬ বছর আগের কালো ছায়াঘেরা সেই দিনে জাতি হারিয়েছিল চার সোনালি সন্তানকে। চার জাতীয় নেতা সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দীন আহমদ, এ এইচ এম কামারুজ্জামান ও ক্যাপ্টেন মনসুর আলী- ঢাকা কেন্দ্রীয় কারাগারের অন্ধকার প্রকোষ্ঠে নির্মম হত্যার শিকার হন তারা।
গুলির পরও বেঁচে ছিলেন জাতীয় চার নেতার একজন, এম মনসুর আলী। কিন্তু গোঙানির শব্দ শুনে কারারক্ষী মোতালেব দৌড়ে গিয়ে জেলগেটে ঘাতকদের খবর দেয়। আবার ফিরে এসে বেয়োনেট দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে জাতীয় চার নেতার মৃত্যু নিশ্চিত করা হয়। রাষ্ট্রপতি খোন্দকার মোশতাকের নির্দেশে ফজরের আগে ১০ মিনিটেই কিলিং মিশন শেষ করে ঘাতকরা।
৩ নভেম্বর জেল হত্যা দিবস উপলক্ষে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের উদ্যোগে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন, দলীয় পতাকা অর্ধনমিতকরন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ সহচর মহান মুক্তিযুদ্ধের সংগঠক জাতীয় চার নেতার প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলি

নিবেদন করা হয়।
এ সময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এমপি, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এবং পৌর মেয়র সাইদুল করিম মিন্টু পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক নজরুল বিশ্বাস, জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শফিকুল ইসলাম শিমুল সহ আওয়ামীলীগের নেতৃবৃন্দ।

ত্রিবেণী ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে জেল হত্যা দিবস পালন

শৈলকুপা উপজেলা ১ নং ত্রিবেণী ইউনিয়ন আওয়ামীলীগের সংগ্রামী সাধারণ সম্পাদক ও সুযোগ্য চেয়ারম্যান মরহুম জহুরুল হক খানের ভাতিজা মোঃ আলম হোসেন খানের (চেয়ারম্যান পদপ্রার্থী) উদ্যোগে ত্রিবেণী বাজারে আওয়ামীলীগে পার্টি অফিসে, শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও মাহফিলের আয়োজন করে ।
উক্ত দোয়ার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ১নং ত্রিবেণী ইউনিয়ন আওয়ামীগের সংগ্রামী সহপতি জনাব মোঃগোলাম হোসেন, জনাব মো রবিউল ইসলাম,প্রচার সম্পাদক রাকিবুল হাসান ডেভিড, ১ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক মোঃ কাশেম রেজা সহ অন্যান্য নেতৃত্ববৃন্দ ও জনগণের একাংশ।

শৈলকুপায় আওয়ামীলীগ কর্মী হত্যায় জড়িতদের গ্রেফতার ও

ফাঁসির দাবিতে মানববন্ধন

ঝিনাইদহের শৈলকুপায় আওয়ামীলীগকর্মী উকিল মৃধা হত্যায় জড়িতদের গ্রেফতার ও বিচার দাবিতে হাজার হাজার মানুষ বিক্ষোভ ও মানববন্ধন করেছে।
শৈলকুপার দামুকদিয়া গ্রামের আওয়ামী লীগ কর্মী রাশিদুল ইসলাম উকিল হত্যার বিচার দাবিতে বুধবার দুপুরে দামুকদিয়া গ্রামে এই মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচী পালিত হয়।
মনোহরপুর ইউনিয়নবাসীর আয়োজনে এ কর্মসূচীতে নিহতের স্বজন, জনপ্রতিনিধি, দলীয় কর্মী-সমর্থক সহ বিভিন্ন শ্রেণী-পেশার প্রতিনিধি এবং এলাকার হাজার হাজার মানুষ অংশ নেয় । দীর্ঘ লাইন ধরে মানববন্ধনে অংশ নেয় শতশত নারীও। তারা খুণীদের গ্রেফতার সম্বলিত ব্যানার-প্লাকার্ড হাতে দাঁড়ায়।

এসময় উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারন সম্পাদক ও ঐ ইউনিয়নের চেয়ারম্যান মোস্তফা আরিফ রেজা মন্নু, সাবেক উপজেলা চেয়ারম্যান নায়েব আলী জোয়ারদার, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবী কালু, নিহতের স্ত্রী ইউনিয়নের সংরক্ষিত মহিলা মেম্বর তানিয়া খাতুন, নুরুল ইসলাম দুলু, আসাদুজ্জামান খোকন, মোস্তফা বাদল সহ অন্যান্যরা বক্তব্য রাখেন।
এছাড়াও দামুকদিয়া গ্রামের সমাজপতি ঝন্টু, আলম, সূর্য সহ আসপাশের গ্রামের গণ্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত হন মানববন্ধনে।
বক্তারা বলেন, রাশিদুল ইসলাম উকিলকে যারা নৃশংসভাবে কুপিয়ে হত্যা করেছে তাদের সকলকে আইনের আওতায় এনে দ্রুত সময়ে বিচার কাজ শুরু করতে হবে, একই সাথে ফাঁসির দাবি জানান।

প্রসঙ্গত, সামাজিক বিরোধের জের ধরে মনোহরপুর ইউনিয়নের দামুকদিয়া গ্রামে গত ২৫ জুলাই সন্ধ্যায় বাড়ি ফেরার পথে প্রতিপক্ষরা কুপিয়ে উকিল মৃধা কে হত্যা করে।
পরদিন ২৬ জুলাই ২৮ জনের নামে নিহতের স্ত্রী তানিয়া খাতুন বাদি হয়ে শৈলকুপা থানায় মামলা করে।

কোটচাঁদপুর ইউপি নির্বাচনে ২’শ ৭৫ জনের মনোনয়ন পত্র দাখিল

আগামী ২৮ নভেম্বর অনুষ্ঠিতব্য তৃতীয় ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার ৫টি ইউনিয়নে মনোনয়ন পত্র দাখিলের শেষ দিনে মঙ্গলবার (০২ নভেম্বর) রিটার্নিং অফিসারের নিকট ইউপি চেয়ারম্যান পদে ৩৯ জন, সংরক্ষিত নারী সদস্য পদে ৫০ জন ও সাধারণ সদস্য পদে ১’শ ৮৫ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন।

সাফদারপুর ইউনিয়নের চেয়ারম্যান পদে ৫ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। এর মধ্যে আ.লীগের দলীয় মনোনীত প্রার্থী ১জন, স্বতন্ত্র প্রার্থী-৩ জন ও ইসলামী আন্দোলন বাংলাদেশের ১ জন প্রার্থী রয়েছেন। এছাড়াও সংরক্ষিত নারী সদস্য পদে ১০ জন ও সাধারণ সদস্য পদে ৩১ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। দোড়া ইউনিয়নের চেয়ারম্যান পদে ৯ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। এর মধ্যে আ.লীগের দলীয় মনোনীত প্রার্থী-১জন, স্বতন্ত্র প্রার্থী-৬ জন ও ইসলামী আন্দোলন বাংলাদেশের-১ জন ও জাকের পার্টির-১ প্রার্থী রয়েছেন।

এ ইউনিয়নে সংরক্ষিত নারী সদস্য পদে ১৩ জন ও সাধারণ সদস্য পদে ৩৮ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। কুশনা ইউনিয়নের চেয়ারম্যান পদে ১২ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। এর মধ্যে আ.লীগের দলীয় মনোনীত প্রার্থী ১, স্বতন্ত্র-৯ ও ইসলামী আন্দোলন বাংলাদেশের ১, ও জাকের পার্টির ১ জন প্রার্থী রয়েছেন। এছাড়াও সংরক্ষিত নারী সদস্য পদে ১০ জন ও সাধারণ সদস্য পদে ৪৫ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। বলুহর ইউনিয়নের চেয়ারম্যান পদে ৬ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। এর মধ্যে আ.লীগের দলীয় মনোনীত প্রার্থী ১ জন, স্বতন্ত্র প্রার্থী হিসাবে ৪ জন ও জাকের পার্টির ১ জন এবং সংরক্ষিত নারী সদস্য পদে ১০ জন ও সাধারণ সদস্য পদে ৪০ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। এলাঙ্গী ইউনিয়নের চেয়ারম্যান পদে ৭ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন।

এর মধ্যে আ.লীগের দলীয় মনোনীত প্রার্থী ১জন, স্বতন্ত্র প্রার্থী-৪ জন ও ইসলামী আন্দোলন বাংলাদেশের ১ ও জাকের পার্টির ১ জন প্রার্থী মনোনয়ন পত্র দাখিল করেছেন। এছাড়াও সংরক্ষিত নারী

সদস্য পদে ৭ ও সাধারণ সদস্য পদে ৩২ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। নির্বাচন কমিশনের তফসিল অনুযায়ী মনোনয়ন পত্র জমার শেষ দিন ২ নভেম্বর, যাচাই-বাছাই ৪ নভেম্বর, প্রত্যাহার ১১ নভেম্বর এবং নির্বাচনে অনুষ্ঠিত হবে আগামী ২৮ নভেম্বর।

উপজেলা নির্বাচন অফিসার ও রির্টানিং কর্মকর্তা মোঃ ওয়াহিদ মুরাদ জানান, উপজেলার ৫টি ইউনিয়নে মোট ভোটার ৮৭ হাজার ১’শ ৮৪ জন। এরমধ্যে পুরুষ ৪৪ হাজার ২’শ ১৮ জন। এবং নারী ৪২ হাজার ৯’শ ৬৬ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।

ঝিনাইদহে করোনাই ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে দাঁড়ালো রেড ক্রিসেট

ঝিনাইদহে করোনায় ক্ষতিগ্রস্থ ৩’শ পরিবারের মাঝে আর্থিক সহযোগিতা প্রদাণ করা হয়েছে। রেড ক্রিসেট সোসাইটি ঝিনাইদহ ইউনিট এর পক্ষ থেকে সকালে রেড ক্রিসেন্টের কার্যালয়ে এ আর্থিক সহযোগিতা প্রদাণ করা হয়।
এ সময় আগতদের হাতে নগদ টাকা তুলে দেয় জেলা পরিষদের চেয়ারম্যান ও ইউনিটের চেয়ারম্যান কনক কান্তি দাস।
সেসময় উপস্থিত ছিলেন রেড ক্রিসেন্ট সোসাইটি ঝিনাইদহ ইউনিট এর সেক্রেটারী জে এম রশিদুল আলম, কার্যনির্বাহী সদস্য শফিকুল ইসলাম শিমুল, এনামুল হক, সহকারী পরিচালক তাসলিমা খাতুন, যুব প্রধান শাহিনুর রহমানসহ অন্যান্যরা।

কার্যনির্বাহী সদস্য শফিকুল ইসলাম শিমুল জানান, মহামারী করোনায় আর্থিক ভাবে ক্ষতিগ্রস্থ ও করোনায় আক্রান্ত ৩’শ পরিবারের মাঝে প্রত্যেককে ২ হাজার ৫’শ টাকা করে বিতরণ করা হয়।